

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
www.bnmc.gov.bd

স্মারকনং- বিএনএমসি/২০২১/২৩৩(৫০০)

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি


এ্যাফিলিয়েশন/অধিভুক্তি (স্বীকৃতি) ফি পরিশোধ সংক্রান্ত

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এর অধিভুক্ত সকল নার্সিং, মিডওয়াইফারি ও সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের সরকারের অনুমোদন হালনাগাদ পূর্বক কাউন্সিলের স্বীকৃতি (অধিভুক্ত) গ্রহণ করতে হবে।

কাউন্সিলের ওয়েবসাইট থেকে সংগৃহীত অনলাইন পে-ব্লিপ (জমা রশিদ) এর মাধ্যমে পরিশোধ করতে হবে। যে সকল জেলায় প্রাইম ব্যাংক সার্ভিস নেই সে স্থানের প্রতিষ্ঠান “বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল” এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত আগামী ১৮ এপ্রিল ২০২১খ্রিঃ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

পে-ব্লিপের মূল কপি বা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করে অবশ্যই ইনস্টিটিউটের প্যাডে অধ্যক্ষগণ নাম, পদবী, মোবাইল নং, ই-মেইল উল্লেখ পূর্বক ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে কাউন্সিলে জমা দিতে হবে। এ্যাফিলিয়েশন/অধিভুক্তি ফি পরিশোধ সাপেক্ষে শিক্ষার্থী নিবন্ধন (Student Registration) ও অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা যাচ্ছে।

বিঃ দ্রঃ বকেয়া পরিশোধের পর চলতি অর্থবছরের ফি জমা করা হবে।


(সুরাইয়া বেগম)
রেজিস্ট্রার

ফোন : ৯৫৬৪১৫৯

ই-মেইল : info@bnmc.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থের জন্য প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, নিয়েনার, মুগদা, ঢাকা।
২. অধ্যক্ষ, নার্সিং/মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান.....
৩. অধ্যক্ষ, কমিউনিটি প্যারামেডিক ইনস্টিটিউট.....
৪. অধ্যক্ষ/ কোর্স কো-অর্ডিনেটর (এফডাব্লিউভি/জুনিয়র মিডওয়াইফারি/স্পেশালাইজেশন).....
৫. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি, (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৬. হিসাব শাখা, বিএনএমসি (৯৫৬৪১৫৯, ০১৫১১-৬৯৪৫৪৬)।
৭. জনাব/বেগম.....